# চন্দনপাট ইউনিয়নের সংক্ষিপ্ত ইতিহাস

**নামকরণঃ**

আনুমানিক বার শত বছর পূর্বে পাল বংশ এবং সেন বংশের মধ্যে এই এলাকায় যে যুদ্ধ সংঘঠিত হয়েছিল সেই সময়ে উভয় পক্ষের সৈন্যবাহিনী ছিল তাহারা যে বাহিনি যে এলাকায় অবস্থান নিয়ে যুদ্ধ পরিচালনা করেছিলেন সেই সৈন্য বাহিনির প্রধানের নাম অনুসারে সংশ্লিষ্ট এলাকার নামকরণ করা হয়েছিল। এখানে পাল বংশের সেনাপতির নামানুশারে এই ইউনিয়নের নামকরণ করা হয় চন্দনপাট।

**ভৌগলিক অবস্থানঃ**

রংপুর জেলা শহর থেকে ১২ কিঃ মিঃ দক্ষিন পশ্চিমে চন্দনপাট ইউনিয়ন অবস্থিত । উত্তরে রংপুর সিটি কর্পোরেশন ও রংপুর সদর উপজেলার হরিদেবপুর ইউনিয়ন, দক্ষিণে রংপুর সদর উপজেলার সদ্যপুস্করিনী ইউনিয়ন, পূর্বে রংপুর সিটি কর্পোরেশন এবং পশ্চিমে রংপুর সদর উপজেলার মমিনপুর ইউনিয়ন এবং বদরগঞ্জ উপজেলার গোপালপুর ইউনিয়ন অবস্থিত ।

**প্রাকৃতিক বিবরণীঃ**

ইউনিয়ন এলাকার মাটি প্রধানত বেলে-দোআঁশ প্রকৃতির। ইউনিয়নের পূর্ব পাশ দিয়ে ঘাগট নদী প্রবাহিত। ইউনিয়নে চাপড়ার বিল, লাহিড়ীর পুকুর নামে ২টি বিল আছে। এ অঞ্চলের প্রধান ফসল - ধান, পাট, আলু,ভুট্টা ও আখ।

**ইতিহাস ও ঐতিহ্যঃ**



লাহিড়ীরহাট বধ্যভূমি

**লাহিড়ীরহাট বধ্যভূমিঃ** বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলাকালীন সময়ে ৭ মে,১৯৭১ সালে নেকারপাড়া দেওডোবা বর্তমানে প্রেসিডেন্টের মোড় এলাকায় সেখানকার লোকজন আরবী ১২ রবিউল আউয়াল মুসলমান সম্প্রদায়ের ঈদ-ই মিলাদুন্নবী উপলক্ষে মসজিদে মিলাদ মাহফিলের আয়োজন করেছিল। মিলাদ মাহফিলের সিন্নি রান্না করার সময় পাক হানাদার বাহিনি সেখানকার ৩২ জন নিরীহ লোককে ধরে নিয়ে এসে লাহিড়ীরহাট পুকুরের (লাহিড়ীরহাট বধ্যভূমি) দক্ষিন এবং পশ্চিম পাড়ে দাড় করিয়ে গুলি করে হত্যা করেন। তারপর থেকে প্রায়শই বিভিন্ন জায়গা থেকে মুক্তিকামী মানুষকে ধরে নিয়ে এসে হত্যাযজ্ঞ চালানো হয়। ১৯৭২ সালে লাহিড়ীহাট বধ্যভূমিতে শহীদদের স্মরনে স্থানীয় ছাত্র-যুবদের উদ্যোগে একটি একটি স্মৃতি স্তম্ভ নির্মাণ করা হয়েছিল যাহা ১৯১৮ ইং সালে সরকারী উদ্যোগে সংস্কার করা হয়েছে।

**অবস্থানঃ** চন্দনপাট ইউনিয়নের সাহাবাজপুর মৌজায় (লাহিড়ীরহাট), রংপুর সদর, রংপুর

**কিভাবে যাওয়া যায়ঃ** দেশের যেকোন প্রান্ত রংপুর জেলার কেন্দ্রিয় বাস টার্মিনালে আসবেন। রংপুর জেলা কেন্দ্রিয় বাস টার্মিনাল হতে বদরগঞ্জগামী বা যোগে বা অটো করে কিংবা রিক্সাযোগে সাহাবাজপুর (লাহিড়ীহাট) বধ্যভূমিতে আসতে হবে ।

# ইউনিয়ন পরিষদের মৌলিক তথ্য

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | আয়তন | ২৭.৭৪৮ বর্গকিলোমিটার | | | |
| ২ | খানা | ৭২৭২ টি | | | |
| ৩ | জনসংখ্যা | ৩২৫৬৯ জন | ঘনত্ব ( প্রতি বর্গ কি. মি) | | ১১৭৪ জন |
| ৪ | গ্রাম | ১০ টি | | | |
| ৫ | মৌজা | ১০ টি | | | |
| ৬ | হাট / বাজার | ৫ টি | | | |
| ৭ | শিক্ষা প্রতিষ্ঠান | সরকারি | বেসরকারি | মোট | |
| | (ক) প্রাথমিক বিদ্যালয় | ১৭ | ১ | ১৮ | |
| | (খ) ইবতেদায়ী মাদ্রাসা | - | - | - | |
| | (গ) মাধ্যমিক বিদ্যালয় | - | ৩ | ৩ | |
| | (ঙ) দাখিল মাদ্রাসা | - | ২ | ২ | |
| | (চ) মহাবিদ্যালয় | - | ২ | ২ | |
| | (ছ) স্কুল এন্ড কলেজ | - | ১ | ১ | |
| | (জ) দাখিল এন্ড ফাজিল মাদ্রাসা | - | - | - | |
| ৮ | শিক্ষার হার | ৪৭.১% (আদম শুমারী, ২০১১) | | | |
| ৯ | রাস্তা ও সড়কের পরিমাণ (কি.মি.) | | | | |
| | (ক) কাচা | ৫৫.০০ কিলোমিটার | | | |
| | (খ) পাকা | ৩৯.৫০ কিলোমিটার | | | |
| ১০ | নলকুপের সংখ্যা | ৭১৪৫ টি | | | |
| ১১ | মোট জমির পরিমাণ | ২৮৯১ হেক্টর | | | |
| | আবাদী জমির পরিমাণ | ২,৬০৫ হেক্টর | | জলাশয় | ১১ হেক্টর |
| | (ক) এক ফসলী | ১৬১ হেক্টর | | স্থায়ী পতিত | ১৯ হেক্টর |
| | (খ) দু ফসলী | ১০৪৫ হেক্টর | | ফলবাগান | ১৮ হেক্টর |
| | (গ) তিন ফসলী | ১৩৯৯ হক্টর | | বনাঞ্চল | ০০ হেক্টর |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | বসতবাড়ী ও অন্যান্য | ২৩৮ হেক্টর |
| ১২ | ইউপির বার্ষিক গড় আয় | | | | |
| | (ক) ইউপি রাজস্ব | ১৬০৮০৬ টাকা | | | |
| | (খ) সরকারি অনুদান | ১১৬৭৬৩২০ টাকা | | | |
| | (গ) সামাজিক নিরাপত্তা কর্মসূচী | ৭৬২১৬৭৪ টাকা | | | |
| ১৩ | ইউপির বার্ষিক গড় ব্যয় | | | | |
| | (ক) রাজস্ব | ১২৬৪৯৩৬ টাকা | | | |
| | (খ) উন্নয়ন | ১০৫৩৩৩৪১ টাকা | | | |
| | (গ) সামাজিক নিরাপত্তা কর্মসূচী | ৭৬২১৬৭৪ টাকা | | | |
| ১৪ | কমিউনিটি ক্লিনিক | ৪ টি | | | |
| ১৫ | ইউনিয়ন উপ -স্বাস্থ্য কেন্দ্র | - | | | |
| ১৬ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র | ১ টি | | | |
| ১৭ | উপজেলা হাসপাতাল | ১ টি | | | |
| ১৮ | ফায়ার সার্ভিস স্টেশন | - | | | |
| ১৯ | ইট ভাটা | ৭ টি | | | |
| ২০ | ফিলিং স্টেশন | ১ টি | | | |
| ২১ | ঐতিহাসিক দর্শনীয় স্থান | (ক) লাহিড়ীরহাট বধ্যভূমি | | | |
| ২২ | নদী | ১ টি - ঘাগট নদী | | | |
| ২৩ | হিমাগার | ১ টি | | | |
| ২৪ | বিল | ২ টি | | | |